

(একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০১১.২৫.১৮৩.১১.(অংশ).

তারিখ : ১১ বৈশাখ, ১৪২৪
২৪ এপ্রিল, ২০১৭

প্রাপক,

চেয়ারম্যান
পেট্রোবাংলা, ঢাকা।

বিষয় : স্কটল্যান্ড সফরের অনুমতি।

মহোদয়,

“আশুগঞ্জ ও এলেঙ্গায় কম্প্রেসর স্টেশন স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় ESD Simulation Training Ltd. Aberdeen, Scotland. UK কর্তৃক আয়োজিত এবারডিন, স্কটল্যান্ডে অনুষ্ঠিতব্য Health Safety & Environment (HSE), Risk Assessment & Mitigation, Disaster Management of Gas Compressor Station and Applicability of Clean Development Mechanism (CDM) etc. শীর্ষক প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশনের সিনিয়র সহকারী প্রধান বেগম তাহমিনা তাজুলীমকে আগামী ০১-২৩ জুন, ২০১৭ তারিখ পর্যন্ত অথবা প্রকৃত যাত্রার তারিখ হতে ২৩ (তেইশ) দিন (যাতায়াত সময় ব্যতীত) স্কটল্যান্ড সফরের সরকারি অনুমোদন জ্ঞাপন করা হলো।

২। এ সফরের শর্তাবলী নিম্নরূপ :-

- (ক) তাঁর যাতায়াতসহ সফরের সম্পূর্ণ সময় কর্মকাল (on duty) হিসেবে গণ্য হবে;
- (খ) অনুমোদিত বিদেশে অবস্থানের মেয়াদ বাড়ানো যাবে না;
- (গ) বর্ধিত সফরকালীন তার বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় প্রদেয় হবে;
- (ঘ) চুক্তি অনুযায়ী আলোচ্য প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণ ভেন্যুতে অবস্থানকালীন গ্রুপ ভিত্তিক আবাসন ব্যবস্থা এবং সকালের নাস্তা ও প্রশিক্ষণ চালাকালীন দুপুরের আহারসহ হালকা নাস্তা, বিমান টিকেটসহ আনুষঙ্গিক অন্যান্য ব্যয়, বিদেশে অবস্থানকালীন প্রশিক্ষণার্থীদের যাতায়াত ও অন্যান্য লজিস্টিক সাপোর্ট এবং দৈনিক ভাতা হিসেবে ৯১ মার্কিন ডলার মাত্র সম্পাদিত চুক্তির আওতায় পরামর্শক প্রতিষ্ঠান “Training and Technology Transfer Ltd, New Zealand (TTT)” কর্তৃক নির্বাহ করা হবে; এবং
- (ঙ) সফর শেষে কাজে যোগদানের ০৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাকে এতদবিষয়ে একটি প্রতিবেদন এ বিভাগে দাখিল করতে হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হল।

আপনার বিশ্বস্ত,

শাহিদুল ইসলাম

(মোঃ শাহিদুল ইসলাম)

উপ-সচিব

ফোন : ৯৫১৪১৬৫।

নং-২৮.০০.০০০০.০১১.২৫.১৮৩.১১.(অংশ).

৭৭৮

তারিখ : ১১ বৈশাখ, ১৪২৪
২৪ এপ্রিল, ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ : কনসুলার সেকশন; প্রয়োজনীয় নোটি ভারবাল জারির অনুরোধসহ)।
- ২। সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৩। মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৪। বাংলাদেশস্থ যুক্তরাজ্য দূতাবাস, ঢাকা।
- ৫। যুক্তরাজ্যস্থ বাংলাদেশ দূতাবাস।
- ৬। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
- ৭। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৮। বেগম তাহমিনা তাজুলীম, সিনিয়র সহকারী প্রধান, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৯। ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড।
- ১০। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ১১। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১২। আইসিটি সেল, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
- ১৩। অফিস কপি।

(মোঃ শাহিদুল ইসলাম)

উপ-সচিব